

বলবোনা, তুমিই ভালবাসা

যদি চাও, সারাক্ষণ তোমার সাথে
ভালবাসার কথা বলবো, টলটলে ভালবাসার কথা ।
হেমন্তের শিশিরের মতো
ঝিকমিকে ভালবাসার মুক্তো তুলে
ছড়িয়ে দেবো কুলতলে তোমার,
ফাল্গুনের দখিলা বাতাসে
ভালবাসার উষ্ণতা ছড়িয়ে দেবো
মদির সোহাগে ।
ঘুম ভাঙা চোখে মেখে দেবো ভালবাসার অঞ্জন,
সংসারের হাজারো কাজে জড়িয়ে থাকবে ভালবাসার সুস্রাণ ।
একান্ত শয্যায় নিরুন্ম নির্জনে
শ্রাবণের কদম রেণু মেখে দেবো সর্বান্তে তোমার
যেন চুঁয়ে চুঁয়ে শরতের মেঘ নেমে আসে
কাশফুলের ছোঁয়া নিয়ে ।
জাগরণে শয়নে স্বপ্নে রণিত হবে
ভালবাসার অমিয় ফল্লুধারা,
রঙে ঝিলমিল মুঠো মুঠো আবীর তুলে
তোমার স্বপ্নকে রাঙিয়ে দেবো ভালবাসায় ।
যদি বলো, ভালবাসায় রূপান্তর করে দেবো
আমার যতো কথা,
তোমার জন্য নতুন করে লিখবো আশ্চর্য একটা অভিধান
প্রথম থেকে শুরু করে শেষ পর্যন্ত
অক্ষরে অক্ষরে শব্দে শব্দে খেলা করবে
শুধুই ভালবাসার পঙ্ক্তি মালা ।
যদি চাও, চেঙ্গিসের মতো ধবংস করে দেবো সবকিছু
- শুধু ভালবাসা ছাড়া ।
ভালবাসার খেলায় কক্ষণো বলবোনা আমি
ভালবাসার অর্থই তুমি , তুমিই ভালবাসা ।